

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(১২১) পবিত্রতা ও বাহ্যিক নাপাক বস্তু থেকে পবিত্রতা অর্জন করার প্রকৃত মাধ্যম কি? (১২২) বাহ্যিক অপবিত্র বস্তু পানি ছাড়া অন্য কিছু দ্বারা পবিত্র করা যাবে কি? বাস্পের (Dry clean) মাধ্যমে কি কোট ইত্যাদি পবিত্র করা যায়?

উত্তর. (১২১) -যে কোন নাপাকী থেকে পবিত্রতা অর্জনের মাধ্যম হচ্ছে পানি । পানি ছাড়া অন্য কোন মাধ্যমে পবিত্রতা অর্জন করা যাবেনা । চাই উক্ত পানি পরিচ্ছন্ন হোক বা পবিত্র বস্তু হোক তাতে পড়ার কারণে তাতে কোনো পরিবর্তন দেখা যাক।কেননা বিশুদ্ধ কথা হচ্ছে, পবিত্র কোন বস্তুর কারণে যদি পানির মধ্যে পরিবর্তন দেখা যায় তবে তাকে পানি বলা হবে। এর পবিত্র করণের ক্ষমতা বিনষ্ট হবে না। এইপানি নিজে পবিত্র অন্যকে পবিত্র করতে পারে।পানির যদি না পাওয়া যায় বা পানি ব্যবহার করতে ক্ষতির আশংকা দেখা যায়, তবে তায়াম্মুমের দিকে অগ্রসর হবে।দুহাত মাটিতে মেরে তা দ্বারা মুখমণ্ডল মাসে করবে এবং উভয় হাত কবজি পর্যন্ত মাসে করবে।আর বাহ্যিক ও প্রকাশ্য নাপাক বস্তু থেকে পবিত্রতা অর্জন করার পদ্ধতি হচ্ছে যেকোনো পবিত্র বস্তু দ্বারা তা প্রসারিত করা অতএব পানি বা পেট্রোল বা কোন তরলপদার্থ বা শুষ্ক বস্তু দ্বারা যদি পরিপূর্ণরূপে উক্ত নাপাকি অপসারিত করা সম্ভব হয় তবেই তা পবিত্র হয়ে যাবে। কিন্তু কুকুরের নাপাকি (মুখ দেওয়া উচ্ছিষ্ট পাত্র)পবিত্র করার জন্য অবশ্যই সাতবার পানি দ্বারা ধৌত করতে হবে এবং একবার মাটি দ্বারা মাজতে হবে। এভাবেই আমরা জানতে পারব প্রত্যক্ষ নাপাক বস্তু থেকে কিভাবে পবিত্র হতে হয় এবং কিভাবে আভ্যন্তরীণ নাপাকী থেকে পবিত্রতা অর্জন করতে হয়।

উত্তর. (১২২) - বাহ্যিক নাপাক বস্তু অপসারিত করা উদ্দিষ্ট ইবাদত নয়। অর্থাৎ ইহা ইবাদতের অন্তর্ভুক্ত নয়। বরং এ দ্বারা উদ্দেশ্য হচ্ছে উক্ত নাপাক বস্তু থেকে মুক্ত হওয়া। অতএব যে কোন বস্তু দ্বারা যদি তা অপসারিত করা সম্ভব হয় এবং তার চিহ্ন বিদূরিত করা যায়, তবে উক্ত বস্তু তাকে পবিত্রকারী হবে। চাই তা পানি হোক বা পেট্রোল অথবা যে কোন বস্তু হোক। এমনকি বিশুদ্ধ মতানুযায়ী সূর্যের তাপ বা বাতাসের মাধ্যমেও যদি উক্ত বস্তু অপসারিত হয়, তবে সে স্থান পবিত্র হয়ে যাবে। একথাটি শায়খুল ইসলাম ইমাম ইবনু তায়মিয়া (রহঃ)এর পসন্দ। কেননা অপবিত্র বস্তুটি প্রত্যক্ষ থাকলেই উক্ত স্থানটি নাপাক থাকবে, যখনই উহা অপসারিত হয়ে যাবে তখনই উক্ত স্থান পবিত্র হবে। অবশ্য নাপাক বস্তুটির রং যদি উঠানো সম্ভব না হয়, তবে কোন অসুবিধা নেই। এ ভিত্তিতে আমরা বলতে পারি ড্রাই ক্লিনের মাধ্যমে যদি কোট ইত্যাদি সাফ করা হয় এবং তা থেকে বাহ্যিক নাপাকী দূরীভূত হয়ে যায়, তবে তা পবিত্র হয়ে যাবে।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন